

**জাতীয় শিক্ষা সপ্তাহ  
উদ্বোধন**

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস দেশের বিপুল জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করার লক্ষ্যে বাস্তবমুখী শিক্ষা ব্যবস্থা ও কার্যকর কারিগরি শিক্ষার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। তিনি বলেন, দেশের জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করা হইলে এই জনসংখ্যাই আমাদের জন্য আশীর্বাদ হিসাবে পরিগণিত হইবে।

জাতীয় শিক্ষা সপ্তাহ '৯৫ উদযাপন উপলক্ষে গতকাল মঙ্গলবার ঢাকায় শিল্পকলা একাডেমীতে আয়োজিত জাতীয় শিক্ষা সম্মেলনের উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, জনসম্পদ সৃষ্টিতে শিক্ষাকে আরো বেশী কার্যকর ও ফলপ্রসূ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য (১১শ পৃ: ৮-এর ক: ৩৫)

**জাতীয় শিক্ষা সপ্তাহ**

(শেষ পৃ: পর)

রাধেন শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার এবং শিক্ষা সচিব মো: ইরশাদুল হক।

অনুষ্ঠানে সংসদ সদস্য। মিসেস খুরশিদ জাহান হক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এবং দেশের বিশিষ্ট শিক্ষাবিদগণ উপস্থিত ছিলেন। শিক্ষা সম্মেলনের আলোচ্য বিষয়, 'জনসম্পদ সৃষ্টিতে শিক্ষার ভূমিকা'কে অভ্যন্তর গঠক ও সমরোপযোগী আখ্যায়িত করিয়া প্রেসিডেন্ট বিশ্বাস আশা প্রকাশ করেন যে, সম্মেলনে উপস্থিত দেশের জ্ঞানীশুণী ব্যক্তিবর্গ পারস্পরিক মত বিনিময়ের মাধ্যমে বর্তমান শিক্ষা ব্যবস্থার উন্নয়নে সৃষ্টিভিত্তিক ও বাস্তবমুখী সুপারিশ পেশ করিবেন।

প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, উন্নত বিশ্বের সাথে আমাদের শিক্ষার নিম্ন হারের যে বাবধান তাহা কমানোর জন্য এখনই উদ্যোগ গ্রহণ করিতে হইবে।

বিশেষ অতিথির ভাষণে শিক্ষা মন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার বলেন, লক্ষ্য হইতেছে দেশে আর নির্ভরশীল জনসম্পদ সৃষ্টি করা। এই লক্ষ্যে তিনি শিক্ষার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান।

—তথ্যবিবরণী।